ISSN 2231 3990

# আলোচনা চক্র

৩৩ বর্ষ ১ম সংখ্যা সংকলন ৪৬ জানুয়ারি ২০১৯

নারীবাদের দর্শন লিঙ্গস্বরূপ যৌনস্বরূপ দি পার্সোনাল ইজ দ্য বিজ্ঞানে নারী বাদ ধ্রুপদি যুক্তিবিজ্ঞান জগৎ বিশ্বাস ও যুক্তি রীজনের পুরুষায়ন জ্ঞানীয় মূল্য অবস্থানিক তত্ত্ব উত্তর-আধুনিকতাবাদ নারীবাদী অধিবিদ্যা বাংলা সিনেমায় গল্পে উপন্যাসে দর্শন 'আধুনিকতা' প্রসঙ্গে হানা আরেন্ট সত্তাবোধের আত্ম-অন্যীভবন জেনোফেমিনিজম ও শুঁড়েলা চিন্তন বাস্তবের মরুভূমিতে স্লাভই জিজেক দর্শন সাক্ষাৎকার জর্জিয়ো আগামবেন প্রসঙ্গ জেরি ফোডর বঙ্গীয় শব্দার্থকোষ বেদান্তদর্শন ১৯৪৬-৪৭ এর ডায়েরি


## নারীবাদের দর্শন

**সম্পাদনা : অতসী চ্যাটার্জী সিনহা ও মনোজ নস্কর**

'ঘুরে দেখতে শিখুন ...' ।। শেফালী মৈত্র

লিঙ্গস্বরূপ ও যৌনস্বরূপ ।। ঝুমা চক্রবর্তী দি পার্সোনাল ইজ দ্য ... ।। অনুপ ধর

বিজ্ঞানে নারী বাদ ।। প্রয়াস সরকার ধ্রুপদি যুক্তিবিজ্ঞান ... ।। অঙ্গনা চট্টোপাধ্যায়

জগৎ, বিশ্বাস ও যুক্তি ।। মনোজ নস্কর রীজনের পুরুষায়ন ... ।। নন্দিতা বাগচী

জ্ঞানীয় মূল্য ... ।। পৌলোমী তালুকদার অবস্থানিক তত্ত্ব ... ।। পায়েল কর

উত্তর-আধুনিকতাবাদ ও নারীবাদ ।। বিদিশা চট্টোপাধ্যায়

নারীবাদী অধিবিদ্যা ... ।। অতসী চ্যাটার্জী সিনহা

## বিবিধ সন্দর্ভ

বাংলা সিনেমায়, গল্পে, ... দর্শন ।। এণাক্ষী রায় মিত্র

'আধুনিকতা' প্রসঙ্গে হানা আরেন্ট ।। কুমার মিত্র

সত্তাবোধের আত্ম-অন্যীভবন ।। সস্মিত চট্টোপাধ্যায়

জেনোফেমিনিজম ও শুঁড়েলা চিন্তন ।। অভীক চট্টোপাধ্যায়

বাস্তবের মরুভূমিতে ... স্লাভই জিজেক ।। অর্ণব সাহা

দর্শন—সাক্ষাৎকার : জর্জিয়ো আগামবেন ।। উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়

মনের কথা : প্রসঙ্গ জেরি ফোডর ।। নির্মাল্য নারায়ণ চক্রবর্তী

বঙ্গীয় শব্দার্থকোষ - পর্যালোচনা ।। বিদ্যাব্রত মজুমদার

বেদান্তদর্শন, পাঠপ্রতিক্রিয়া ।। কুন্তলা ভট্টাচার্য

**ইতিহাসবিদের ডায়েরী ।। সম্পাদনা : প্রবাল দাশগুপ্ত**

১৯৪৬-৪৭ এর ডায়েরি ।। অরুণ দাশগুপ্ত


সম্পাদক **চিরঞ্জীব শূর**

আলোচনা চক্র ৩৩ বর্ষ ১ম সংখ্যা সংকলন ৪৬

জানুয়ারি ২০১৯

সূচিপত্র

প্রথম ভাগ : নারীবাদের দর্শন ।। সম্পাদনা : অতসী চ্যাটার্জী সিনহা ও মনোজ নস্কর
প্রাককথন : নারীবাদের দর্শন ।। অতসী চ্যাটার্জী সিনহা ও মনোজ নস্কর ৭
'ঘুরে দেখতে শিখুন ...' ।। শেফালী মৈত্র ১৩
লিঙ্গস্বরূপ ও যৌনস্বরূপ : নানান আঙ্গিক ।। ঝুমা চক্রবর্তী ২৮
দি পার্সোনাল ইজ দ্য পলিটিকাল? ।। অনুপ ধর ৪৩
বিজ্ঞানে নারী বাদ ।। প্রয়াস সরকার ৫৬
ধ্রুপদি যুক্তিবিজ্ঞান কি দমনমূলক? একটি নারীবাদী অনুসন্ধান ।। অঙ্গনা চট্টোপাধ্যায় ৭১
জগৎ, বিশ্বাস ও যুক্তি ।। মনোজ নস্কর ৭৮
রীজনের পুরুষায়ন : একটি ইতিহাসভিত্তিক পর্যালোচনা ।। নন্দিতা বাগচী ৯০
জ্ঞানীয় মূল্য : একটি নারীবাদী পাঠ ।। পৌলোমী তালুকদার ১১৬
অবস্থানিক তত্ত্ব : সবল বিষয়তা ।। পায়েল কর ১৩০
উত্তর-আধুনিকতাবাদ ও নারীবাদ ।। বিদিশা চট্টোপাধ্যায় ১৪৪
নারীবাদী অধিবিদ্যা : কিছু ভাবনা, কিছু প্রশ্ন ।। অতসী চ্যাটার্জী সিনহা ১৫৭

দ্বিতীয় ভাগ : বিবিধ সন্দর্ভ
দর্শন বিষয়ক
বাংলা সিনেমায়, গল্পে, উপন্যাসে দর্শনের টুক্‌রো টাক্‌রা ।। এণাক্ষী রায় মিত্র ১৬৯
'আধুনিকতা' প্রসঙ্গে হানা আরেন্ট ।। কুমার মিত্র ১৮৩
সত্তাবোধের আত্ম-অন্যীভবন ।। সস্মিত চট্টোপাধ্যায় ১৮৯
জেনোফেমিনিজম ও শুঁড়েলা চিন্তন ।। অভীক চট্টোপাধ্যায় ২০৪

# জ্ঞানীয় মূল্য : একটি নারীবাদী পাঠ

পৌলোমী তালুকদার

নারীবাদী জ্ঞানতত্ত্ব কি সামাজিক জ্ঞানতত্ত্বেরই একটি প্রকার, না কি তা নয়, এটি আলোচনা সাপেক্ষ; কিন্তু নারীবাদী জ্ঞানতত্ত্বের সঙ্গে সামাজিক সম্পর্ক এবং সামাজিকীকরণের ভূমিকা যে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে, তা বলা বাহুল্য। যেকোনো জ্ঞানতত্ত্বের প্রধান প্রতিপাদ্য হল জ্ঞানাকার প্রাপ্তি। নারীবাদী জ্ঞানতত্ত্বেও তার ব্যতিক্রম ঘটেনি; তবে নারীবাদী জ্ঞানতত্ত্বের বিশেষত্ব হল জ্ঞানোৎপাদনে লিঙ্গের ভূমিকা কি তাকে অনুধাবন করা। নারাবাদী জ্ঞানতত্ত্বে লিঙ্গ ও জ্ঞানের মধ্যেকার সম্পর্কের বিভিন্ন ধারাপাত, নানান পর্যালোচনা, আলোচনা ও সমালোচনার মধ্যে দিয়ে এগিয়েছে এবং গড়ে উঠেছে নারাবাদী তত্ত্বসমূহ। তথাপি যে বিষয়টি নারীবাদী দর্শনে প্রজ্জ্বল্যমান তা হল লিঙ্গ-প্রাসঙ্গিকতা (gender-context), যেখানে লিঙ্গকে আর চার-পাঁচটা গুণের মতো সংযুক্ত (add-on) কোনো গুণ বা বৈশিষ্ট্য বলে মনে করা হয় না; তাকে সামাজিক প্রেক্ষিতের অক্ষ বা মেরুদণ্ড বলেই মনে করা হয়। নারীবাদীরা মনে করেন সামাজিক পরিসরে, জ্ঞানোৎপত্তির স্থলে লিঙ্গের ধারণাটি বিশেষ তাৎপর্যপূর্ণ। এই বিষয়টির গুরুত্বের কথা মাথায় রেখেই নারাবাদীরা স্ত্রীলিঙ্গাত্মক জ্ঞানতত্ত্ব (feminine epistemology) ও নারীবাদী জ্ঞানতত্ত্বর (feminist epistemology) মধ্যে পার্থক্যটি সম্পর্কে সর্বদা অতন্দ্র থেকেছেন। স্ত্রীলিঙ্গাত্মক জ্ঞানতত্ত্বে মেয়েরা কিভাবে জ্ঞান অর্জন করে বা জগৎ-কে কিভাবে বোঝে তা আলোচিত হয়। অন্যদিকে নারীবাদী জ্ঞানতত্ত্বে লিঙ্গ ও জ্ঞানের মধ্যেকার ক্ষমতার (power) চিত্রটি ঠিক কি বা কেমন তা নিয়ে পর্যালোচনা করা হয়। নারীবাদী জ্ঞানতত্ত্বের মূল প্রতিপাদ্য হল সামাজিক অনুষঙ্গে যে লিঙ্গভিত্তিক ক্ষমতার রাজনীতিটি ব্যাপ্ত হয়ে আছে, তা কিভাবে জ্ঞানতাত্ত্বিক প্রক্রিয়াকে আকরিত করে এবং কিভাবে জ্ঞানতত্ত্বের পরিচালক হয়ে উঠে। সুতরাং নারীবাদী জ্ঞানতত্ত্বের মুখ্য আলোচ্য বিষয় হল ক্ষমতা কেমন করে জ্ঞানোৎপাদন ক্রিয়াকে প্রভাবিত করে। প্রাথমিকভাবে যেখানেই ক্ষমতার প্রভাব জ্ঞান নির্মাণে কার্যকরী হয়েছে সেখানেই নারীবাদী জ্ঞানতত্ত্ব, তার প্রতি সমালোচনামূলক পদক্ষেপ নিয়েছে। অনেক সময়েই তা লিঙ্গকে অতিক্রম করে বর্ণ-জাতি-শ্রেণি প্রভৃতিতে ব্যাপ্ত হয়েছে। তাৎপর্য হল, যেখানে ক্ষমতার অপব্যবহার বা যেখানে ক্ষমতাকে অবদমন অর্থে প্রযুক্ত হতে দেখা গেছে সেখানেই তাঁরা তাদের বিচারমূলক অনুসন্ধান প্রক্রিয়াকে চালিয়েছেন। নারীবাদী জ্ঞানতাত্ত্বিকরা মনে করেন, সমাজে স্তরবিন্যাস থাকবেই যা জ্ঞানতত্ত্বকে প্রভাবিত করতে বাধ্য। নারীবাদীরা আরও মনে করেন যে লিঙ্গের ধারণাকে কখনোই এককভাবে অনুধাবন করা যায় না। এপ্রসঙ্গে Alcoff এবং Potter বলেছেন সব সময়েই লিঙ্গকে বুঝতে হবে—

> ... as a component of complex interrelationships with other system of identification and hierarchy[১]

অর্থাৎ, লিঙ্গকে বুঝতে হলে অপরাপর তন্ত্রের চিহ্নিতকরণ ও স্তরায়ণের একটি জটিল আন্তঃসম্পর্কের উপাদান হিসাবে বুঝতে হবে। নারীবাদী জ্ঞানতত্ত্বে স্পষ্টভাবে বিশ্লেষণ করা